

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম

স্কুলের জমি নিয়ে সংঘর্ষে ছাত্র-শিক্ষকসহ ১৪ জন আহত ॥ মামলা দায়ের

পঞ্চগড় থেকে নিজস্ব সংবাদদাতা : একটি বেসরকারি মাধ্যমিক স্কুলের জমি দখলকে কেন্দ্র করে স্থানীয় এক ব্যক্তির ভাড়াটে সন্ত্রাসী দিয়ে শিটিয়েছে ওই স্কুলের শিক্ষক ও ছাত্রদের এবং শিক্ষকের একটি মোটরসাইকেলসহ কয়েকটি বাইসাইকেল ছিনিয়ে নিয়ে গেছে। এতে স্কুলের প্রধান শিক্ষকসহ ৪ শিক্ষক ও কমপক্ষে ১০ ছাত্র আহত হয়। এ ঘটনায় স্কুল কর্তৃপক্ষের দায়েরকৃত মামলায় পুলিশ রাতেই ওই ঘটনার মূল নায়কসহ ৩ ব্যক্তিকে গ্রেফতার ও ছিনতাই হওয়া মোটর সাইকেল এবং বাইসাইকেল স্থানীয় ইউপি সদস্য পরিবানুর বাড়ি থেকে উদ্ধার করে। গ্রেফতারকৃতরা হলো—ইউসুফ আজিজুল হক ও আত্মকাজমান। ঘটনাটি ঘটেছে ৯ই সেপ্টেম্বর দুপুরে পঞ্চগড় জেলার আটোয়ারি উপজেলার বাবো আউলিয়া মাজার শরীফ বিমুখী উচ্চ বিদ্যালয়ে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, পানের পানবাড়া গ্রামের ইউসুফ আলী তার ৭০ শতক জমির মধ্যে ৩৫ শতক জমি স্কুল কর্তৃপক্ষের কাছে বিক্রি করে। ওই জমিটি স্কুলের মাঠ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে, কিন্তু বিক্রিত ওই জমির সীমানা নির্ধারণ না হওয়ায় ইউসুফ স্কুলের মাঠে ৯ই সেপ্টেম্বর ২০/২৫ জন ভাড়াটে সন্ত্রাসী নিয়ে হালচাষ করতে যায়। এ সময় স্কুলের প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকরা বাধা দেয়, কিন্তু ইউসুফ তাদের বাধা উপেক্ষা করে চাষাবাদ অব্যাহত রাখে এবং শিক্ষকদের ওপর সন্ত্রাসীদের লেলিয়ে দেয়। সন্ত্রাসীরা শিক্ষকদের মারপিট করতে থাকলে স্কুলের শতাধিক ছাত্র এতে বাধা দেয়। ফলে উভয়ের মধ্যে সংঘর্ষ বাধে এবং গোটা এলাকাটি রণক্ষেত্রে পরিণত হয়। ঘটনা স্থলেই প্রধান শিক্ষক ফজলে হাকি, শিক্ষক আমিনুল হক, মফিজুল হক ও আবদুল সাত্তারসহ কমপক্ষে ১০ ছাত্র আহত হয়। আহতদের আটোয়ারি হাসপাতাল ছাড়াও পঞ্চগড় ও ঠাকুরগাঁও

সদর হাসপাতালে ভর্তি করা হয়। বহু পেনে পঞ্চগড় থেকে এসপি সার্কেল মোজাম্মেল হকের নেতৃত্বে একদল পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় ৯ই সেপ্টেম্বর রাতেই বালেকুশ ইসলাম নামে এক শিক্ষক বাড়ি হয়ে জমি বিক্রের তা ইউসুফসহ ১০ ব্যক্তির বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।